



মেটার ইন্ডিয়া অফিসে হাদিকে ‘জঙ্গি’ ট্যাগ দিয়ে সকল ভিডিও অপসারণ



সংগৃহীত ছবি

সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একের পর এক অদৃশ্য হয়ে যাচ্ছে ওসমান হাদির ভিডিও। অভিযোগ উঠেছে, মেটার ইন্ডিয়া রিজিওনাল অফিস থেকে তাকে ‘সন্ত্রাসী’ হিসেবে ট্যাগ করার পর এই পদক্ষেপ নেওয়া হচ্ছে। এতে বিভিন্ন গুরুত্বপূর্ণ পেজ থেকেও তার কনটেন্ট সরিয়ে ফেলা হয়েছে। সম্প্রতি ফেসবুকে ওসমান হাদিকে ঘিরে আপলোড করা ভিডিও ও পোস্ট ধারাবাহিকভাবে আনএভেইলেবল হয়ে পড়ছে। বিভিন্ন পেজ ও অ্যাকাউন্টে থাকা তার বক্তব্য ও কবিতার ভিডিও হঠাৎ করেই মুছে যেতে দেখা গেছে। এমনকি সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদের পেজে হাদির তিনটি ভিডিও প্রকাশের পর সেই পেজটি আর খুঁজে পাওয়া যাচ্ছে না বলে জানা গেছে। এ ছাড়া প্রধান উপদেষ্টার ভেরিফায়েড পেজ থেকে শেয়ার করা ওসমান হাদির একটি কবিতার ভিডিওও রিপোর্টের মাধ্যমে সরিয়ে ফেলা হয়েছে বলে অভিযোগ উঠেছে। সংশ্লিষ্টরা বলছেন, এসব ভিডিও অপসারণের পেছনে একটি নির্দিষ্ট ট্যাগিং প্রক্রিয়া কাজ করছে। সাইবার সিকিউরিটির একটি বিশেষ সূত্র জানিয়েছে, ওসমান হাদিকে কেন্দ্র করে ভারতের বিভিন্ন দূতাবাসের সামনে বিস্ফোরণের ঘটনার পরপরই পরিস্থিতির পরিবর্তন ঘটে। ওই বিস্ফোরণের পর মেটার ইন্ডিয়া রিজিওনাল অফিস থেকে তাকে ‘সন্ত্রাসী’ হিসেবে চিহ্নিত করা হয় এবং এরপর থেকেই সংশ্লিষ্ট কনটেন্ট নামিয়ে ফেলার প্রক্রিয়া শুরু হয়। তবে এ বিষয়ে মেটা কর্তৃপক্ষের পক্ষ থেকে এখনো আনুষ্ঠানিক কোনো বক্তব্য পাওয়া যায়নি। একই সঙ্গে ওসমান হাদি বা তার ঘনিষ্ঠদের প্রতিক্রিয়াও জানা যায়নি। বিস্তারিত আসছে...